গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জেলা পর্যায়ে সেপ্টেম্বর, ২০২১ মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি: মো: শরীফুল ইসলাম
জেলা প্রশাসক, জয়পুরহাট
তারিখ : ১৯/০৯/২০২১ খ্রি.
সময় : বিকাল ১.১৫ টা
স্থান : জেলা প্রশাসকের সভা কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তাবায়ন করা এবং এ বিষয়ে সচেতন হওয়া একান্ত প্রয়োজন। সরকারি নীতি পরিপন্থী কোন কাজ না করা এবং স্বচ্ছতা ও দ্রুততার সাথে জনগণের দোরগোড়ায় সেবা পৌছে দেয়া কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিক দায়িত্ব। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মতামত ব্যক্ত করা হয়। বিস্তারিত আলোচনান্তে সকলের সম্মতিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা ও মতামত | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. কমিটির সভা আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ | মন্ত্রিপরিষদ বিভাগ এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ের পত্রের আলোকে জেলা ও উপজেলা নৈতিকতা কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহবান এবং মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা নৈতিকতা কমিটির সভা নিয়মিত আহবান এবং কর্মপরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সদস্য সচিব জেলা পর্যায়ে নৈতিকতা কমিটি<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০২. নাগরিক সনদ প্রদর্শন ও তদানুযায়ী সেবা প্রদান | ইতোমধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের সকল শাখার সামনে নাগরিক সনদ প্রদর্শন করা হয়েছে এবং উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সামেন নাগরিক সনদ প্রদর্শনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। নাগরিক সনদ অনুযায়ী যেন সঠিক সময়ে সঠিক তথ্য পেতে পারে সে বিষয়ে আলোচনা করা হয়। | নাগরিক সনদ প্রদর্শন করাসহ তদানুযায়ী সেবা প্রত্যাশীদের সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>সহকারী কমিশনার (ভূমি) (সকল)<br><br>শাখার সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| ৩. জবাবদিহিতা শক্তিশালীকরণ | শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ক কর্মপরিকল্পনায় জেলা ও উপজেলা প্রশাসনের জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য দ্রুততার সাথে অভিযোগ নিষ্পত্তি ও প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিতকরণ, দুর্নীতি প্রতিরোধে গণশুনানী এবং দুর্নীতির ক্ষেত্রসমূহ চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা নিতে পরামর্শ প্রদান করা হয়। ফ্রন্টডেস্কের সম্মুখে সাধারণ জনগণের জন্য একটি অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। | জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের প্রধান নিজ নিজ কাজের ক্ষেত্রে দুর্নীতির সম্ভাব্য ক্ষেত্রসমূহ চিহ্নিত করে তা সমাধানের ব্যবস্থা নিবেন। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল নিষ্পত্তি কর্মকর্তা নির্ধারণ করে ওয়েবসাইটে তথ্য প্রকাশ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>এবং সহকারী কমিশনার (ভূমি) (সকল) |
| ০৪. সেবা প্রদান সহজীকরণ | জনগণকে সহজে তথ্য ও সেবা প্রধানের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের নিচতলায় কম্পিউটার, ইন্টারনেট ও টেলিফোন সুবিধাসহ জেলা ই-সেবা কেন্দ্র (ফ্রন্টডেস্ক) খোলা হয়েছে। ফ্রন্ট ডেস্কে একজন কর্মকর্তার তত্ত্বাবধানে অফিস চলাকালে সার্বক্ষনিকভাবে জনগণকে বিভিন্ন তথ্য ও সেবা প্রদানে সহায়তা করে আসেছ। যেকোন ব্যক্তি যেন সহজে সেবার আবেদন দাখিল করতে পারে এবং কাঙ্খিত সেবা পায় সে বিষয়ে আলোচনা করা হয়। | সেবা প্রত্যাশী জনগণ যেন অহেতুক হয়রানীর শিকার না হয় এবং স্বল্পতম সময়ে মানসম্মত সেবা পায় সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা আরো সচেতন হবেন। | শাখার সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা |

অত:পর সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো: শরীফুল ইসলাম)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তাবায়নের লক্ষ্যে
জেলা নৈতিকতা কমিটি
ফোনঃ (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

পত্র নং-০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৫৭.১৮-৬৯ তারিখঃ ২৩/০৯/২০২১ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, জনপ্রশাসন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট
০৬.অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
০৭. উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর, জয়পুরহাট ।
০৮. সহকারী কমিশনার (ভূমি), জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর, জয়পুরহাট ।
০৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).........................................................................................জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।
১০. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট (তাকে পত্রটি জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)
১১. অফিস কপি।

নেজারত ডেপুটি কালেক্টর
জয়পুরহাট
ও
সদস্য সচিব
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তাবায়নের লক্ষ্যে
জেলা নৈতিকতা কমিটি
ফোনঃ (+৮৮)০৫৭১-৬২২২২